



বাংলাদেশ ওভারসিজ এমপ্লয়মেন্ট অ্যান্ড সার্ভিসেস লিমিটেড (বোয়েসেল)
(প্রবাসী কল্যাণ ও বৈদেশিক কর্মসংস্থান মন্ত্রণালয়)
স্থাপিত-১৯৮৪

বিদেশে কর্মী নিয়োগ প্রক্রিয়ায় বোয়েসেলের কোন এজেন্ট/ সাব এজেন্ট/ দালাল বা প্রতিনিধি নেই।

স্বল্প খরচে সরকারি ভাবে জর্ডানে গার্মেন্টস এ দক্ষ মহিলা কর্মী নিয়োগে সরাসরি সাক্ষাৎকার

নং- ৪৯.০২.০০০০.০৪.১২.০০৭.২০২০/৬৮৬

তারিখ : ২০.০৭.২০২২ খ্রিস্টাব্দ

বোয়েসেলের মাধ্যমে জর্ডানের **Tusker Apparel** - এর অধীনে নিম্নবর্ণিত পদে শুধু দক্ষ মহিলা কর্মী নিয়োগ করা হবে :

ক্র নং	পদের নাম	সংখ্যা	মাসিক মূল বেতন
০১	মহিলা মেশিন অপারেটর (Female Machine Operator)	২৮৮ জন	১২৫ জেডি/ ১৪,৪০০ টাকা

প্রার্থীদের সংশ্লিষ্ট কাজে বাস্তব অভিজ্ঞতা থাকতে হবে এবং বয়স ১৮-৩৯ এর মধ্যে হতে হবে।

চাকরির শর্তাবলি :

- (১) দৈনিক ৮ (আট) ঘণ্টা ডিউটি, সপ্তাহে ৬ (ছয়) দিন এবং ওভার টাইম (স্বৈচ্ছাধীন)।
- (২) চাকরির চুক্তি ৩ (তিন) বছর (নবায়ন যোগ্য)।
- (৩) নিয়োগকর্তা কর্তৃক থাকা, খাওয়া ও প্রাথমিক চিকিৎসা এবং পরিবহনের ব্যবস্থা করা হবে।
- (৪) চাকরিতে যোগদানের বিমান ভাড়া এবং তিন বছর চাকরি শেষে দেশে ফেরত আসার বিমানভাড়া নিয়োগকর্তা বহন করবে।
- (৫) অন্যান্য শর্ত জর্ডানের শ্রম আইন অনুযায়ী প্রযোজ্য হবে।
- (৬) যাদের বিরুদ্ধে দেশে বা জর্ডানে কোনো মামলা আছে, তারা নিয়োগের অনুপযুক্ত হবে।

বোয়েসেলের সার্ভিস চার্জ ও অন্যান্য খরচ:

নির্বাচিত মহিলা মেশিন অপারেটরদের মেডিক্যাল ফি বাবদ ১,০০০/- (এক হাজার) টাকা, ফিঙ্গার প্রিন্ট বাবদ ২০০/- (দুইশত) টাকা এবং বোয়েসেলের সার্ভিস চার্জ বাবদ সর্বমোট ১৮,২৪০/- (আঠাঠো হাজার দুইশ চল্লিশ) টাকা সোনালী ব্যাংক, মগবাজার শাখায় "বোয়েসেল, ঢাকা" নামে পে-অর্ডার করে বোয়েসেল অফিসে জমা দিতে হবে। উল্লিখিত পরিমাণ ব্যতিত অন্য কোথাও কোন প্রকার অতিরিক্ত খরচের প্রয়োজন নেই।

সাক্ষাৎকারের সময় যা অবশ্যই সঙ্গে আনতে হবে: (১) ৪ (চার) কপি পাসপোর্ট সাইজ রঙিন ছবি (২) মূল পাসপোর্ট ও মূল পাসপোর্টের ছবিযুক্ত অংশের ০১ (এক) সেট রঙিন ও চার সেট সাদা কালো ফটোকপি (৩) বর্তমান অফিসের পরিচয়পত্র/হাজিরা কার্ড (৪) শিক্ষাগত/অভিজ্ঞতার সনদ (যদি থাকে)।

আগ্রহী প্রার্থীদের উল্লিখিত কাগজপত্র সহ আগামী ২২ এবং ২৯ জুলাই/২০২২ খ্রি. প্রতি শুক্রবার সকাল ৮.০০ টায় সাক্ষাৎকার/টেস্ট প্রদানের জন্য শেখ ফজিলাতুল্লাহ মুজিব মহিলা টেকনিকেল ট্রেনিং সেন্টার, দারুস সালাম রোড, মিরপুর, ঢাকা এ এ উপস্থিত থাকতে অনুরোধ করা হলো। এ সংক্রান্ত যে- কোনো তথ্যের জন্য ০২-৪৮৩১৯১২৫ ও ০২-৪৮৩১৭৫১৫ টেলিফোন নম্বরে যোগাযোগ করা যেতে পারে। এখানে উল্লেখ্য যে, প্রার্থীদের কোনো Bio-data (জীবন বৃত্তান্ত) সঙ্গে আনার প্রয়োজন নেই।

বোয়েসেল কোন নগদ অর্থ গ্রহণ করেনা বিধায় কাউকে কোন নগদ অর্থ প্রদান করবেন না

২০.০৭.২০২২
সাদ্দ আহমেদ সালাইন
উপব্যবস্থাপক
(বৈদেশিক নিয়োগ-২)
বোয়েসেল, ঢাকা।

২০.৭.২২
নোমান চৌধুরী
সহকারী মহাব্যবস্থাপক
বোয়েসেল, ঢাকা।

২০.৭.২০২২
কোম্পানি সচিব
কোম্পানি সচিব
(সিনিয়র সহকারী সচিব)
বোয়েসেল, ঢাকা।

অফিস ঠিকানা :

প্রবাসী কল্যাণ ভবন (৫ম তলা)
৭১-৭২ ইন্সটান গার্ডেন
রমনা, ঢাকা-১০০০, বাংলাদেশ।



যোগাযোগ নম্বর :

ফোন : +৮৮-০২-৫৮৩১১৮৩৮, ৪৮৩১৯১২৫ ও ৪৮৩১৭৫১৫ (পিএবিএক্স)
ফ্যাক্স : +৮৮-০২-৫৮৩১-৬৫৭৭, +৮৮-০২-৯৩৩০৬৫২
ইমেইল : info@boesl.gov.bd, md@boesl.gov.bd
ওয়েব : www.boesl.gov.bd